দৈনিক বাংলা

029

তারিখ ৮/৮/৮৯

পৃষ্ঠা ... কলাম ...

# খ্যাতনামা শিক্ষাবিদের মৃত্যুতে শোক

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির (বিসিটিএ) সভাপতি অধ্যক্ষ এ কে এম শহীদুল্লাহ এবং সেক্রেটারী জেনারেল অধ্যাপক শরীফুল ইসলাম শিক্ষকতা পেশা সংস্থার বিশ্ব কনফেডারেশনের স্বনামখ্যাত মহাসচিব মিঃ জন. এম. টমসনের মর্মান্তিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

সংবাদপত্রে প্রদত্ত এক বিবৃতিতে তারা গোটা বিশ্বের শিক্ষকদের চাকরির শর্তাবলী উন্নয়নে তার উল্লেখযোগ্য অবদানের ভূয়সী প্রশংসা করেন।

তারা বলেন, বাংলাদেশের শিক্ষক সংস্থা বিশেষ করে বিসিটিএ এ সংস্থার উন্নয়ন ও শক্তিশালী করার ব্যাপারে উৎসাহব্যঞ্জক পরামর্শ ও দিকনির্দেশের জন্য তার কাছে গভীরভাবে ঋণী।

তারা শোকাহত পরিবারের প্রতি গভীর সহানুভূতি জানান।

মিঃ টমসন গত ২৭শে জুলাই বুদাপেস্টের কাছে এক মোটর দুর্ঘটনায় নিহত হন। দুর্ঘটনায় তাঁর পত্নী, এক পুত্র ও দু' কন্যা আহত হয়েছেন।